গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা
মৎস্য ভবন, রমনা ঢাকা।
www.fisheries.gov.bd

স্মারক নম্বর -৩৩.০২.০০০০.১২১.২০.০০২.২০- ১৫৮ তারিখ : ০৬/১১/ ২০২৫ খ্রি.

**বিষয় : ইউনিয়ন পর্যায়ে সভা আহবানের মাধ্যমে বিদ্যমান নিবন্ধিত জেলেদের তালিকা যাচাই-বাছাইপূর্বক হালনাগাদকরণ প্রসংগে।**

সূত্র: (১) মৎস্য অধিদপ্তর,মৎস্য ভবন, ঢাকার স্মারক নম্বর ৩৩.০২.০০০০.১২১.২০.০০২.২০-১৫৪, তারিখ : ১৬-১০-২০২৫ খ্রি.

(২) জাতীয় মৎস্যজীবী সমিতি, কেন্দ্রীয় কমিটি, ঢাকা এর ভারপ্রাপ্ত মহাসচিব আলহাজ্ব মোঃ ইকবাল হোসেন এবং বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি,কেন্দ্রীয় কমিটি, ঢাকা এর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জনাব বাবুল মীর কর্তৃক বিগত ২৩-১০-২০২৫ তারিখে যৌথভাবে স্বাক্ষরিত আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guidelines) ২০১৯ (সেপ্টেম্বর, ২০২০ সন পর্যন্ত সংশোধিত)' অনুযায়ী জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান হালনাগাদকরণ কার্যক্রমকে অধিকতর স্বচ্ছ, গ্রহণযোগ্য ও অংশিদারিত্বমূলক করার লক্ষ্যে উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, জেলে, জেলে সমিতির সভাপতি/সম্পাদক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে সভা আহবান করে বিদ্যমান নিবন্ধিত জেলেদের তালিকা যাচাই-বাছাইপূর্বক হালনাগাদকরণের জন্য সূত্রোক্ত ১নং ক্রমিকে বর্ণিত পত্রমূলে অনুরোধ জানানো হয়েছে **(সংলাগ-১)**। উক্ত কার্যক্রমকে সুচারুরূপে পরিচালনার জন্য জাতীয় মৎস্যজীবী সমিতি এবং বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতিকে অন্তর্ভুক্ত করার জন্য সূত্রোক্ত ২নং ক্রমিকে বর্ণিত পত্রমূলে সংশ্লিষ্ট সমিতির পক্ষে আবেদন করা হয়েছে **(সংলাগ-২)**।

০২। উল্লেখ্য, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর পরিপত্র নং-৩৩.০০.০০০০.১২৭.০৬.০০২.২৩-৩৮০ তারিখ : ২০-১০-২০২৫ খ্রি. মূলে ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত 'ইউনিয়ন টাস্কফোর্স কমিটি'-তে জাতীয় মৎস্যজীবী সমিতি এবং বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতিকে অন্তর্ভুক্ত করে 'ইউনিয়ন টাস্কফোর্স কমিটি' পুনর্গঠন করা হয় **(সংলাগ-৩)** ।

০৩। এমতাবস্থায়, জেলেদের তালিকা যাচাই-বাছাইক্রমে হালনাগাদকরণ কার্যক্রমে আপনার বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট উপজেলার ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, জেলে, জেলে/মৎস্যজীবী সমিতির সভাপতি/সম্পাদকসহ জাতীয় মৎস্যজীবী সমিতি এবং বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির সভাপতি/সম্পাদক কিংবা প্রতিনিধিকে অন্তর্ভুক্তক্রমে জেলে নিবন্ধন হালনাগাদ কার্যক্রম করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

০৬/১১/২০২৫
( ড. মোঃ আবদুর রউফ )
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১
ই-মেইল: dg@fisheries.gov.bd

পরিচালক
মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/সিলেট বিভাগ,সিলেট/বরিশাল বিভাগ,বরিশাল/ রংপুর বিভাগ,রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।

স্মারক নম্বর -৩৩.০২.০০০০.১২১.২০.০০২.২০- ১৫৮/১(১৬) তারিখ : ০৬/১১/ ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন, মৎস্য অধিদপ্তর,মৎস্য ভবন, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)------------------------------------------------------------------------------------।
৪. সহকারী পরিচালক (স্টাফ অফিসার),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য )।
৮. অফিস কপি।

০৬/১১/২০২৫
( বরুন চন্দ্র বিশ্বাস )
উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)
ফোন: ০১৭১৫৫৭৬৮৯১
ইমেইল: borunbiswas19@gmail.com

